চুয়াডাঙ্গায় জাতীয় পাবলিক সার্ভিস দিবস পালিত

সবার আগে সুশাসন, জনসেবায় উদ্ভাবন-এ প্রতিপাদ্যে জেলা প্রশাসন চুয়াডাঙ্গার আয়োজনে নানান কর্মসূচির মধ্য দিয়ে চুয়াডাঙ্গায় জাতীয় পাবলিক সার্ভিস দিবস পালিত হয়েছে।

আজ রবিবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় হতে বর্ণাঢ্য র্যালি বাহির হয়ে চুয়াডাঙ্গা কোর্ট মোড় ঘুরে আবার জেলা প্রশাসকের কার্যালয়ে এসে শেষ হয়।

র্যালি পরবর্তী আলোচনা সভায় চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা আইসিটি) কবির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

পাবলিক সার্ভিস দিবস উপলক্ষে বক্তারা বলেন, শত শত বছরের ক্রমবিবর্তনের ধারায় বাংলাদেশে সিভিল সার্ভিস এখন অনেক সুসংগঠিত এবং জনবান্ধব ও জনমুখী। জনগণের সর্বোত্তম সেবা নিশ্চিত করতে পাবলিক সার্ভিসে কর্মরত ব্যক্তিবর্গ কাজ করে যাচ্ছেন। এক্ষেত্রে সুশাসনের জন্যে উদ্ভাবিত পাঁচটি কৌশল- সিটিজেন চার্টার, শুদ্ধাচার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার আইন এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সহায়ক ভূমিকা পালন করছে। দপ্তরগুলোতে চালু করা হয়েছে ওয়ান ষ্টপ সার্ভিস সেন্টার, ই-নথি থেকে ডি-নথিতে রুপান্তর, কাইযেন পদ্ধতি, চলছে তাৎক্ষণিক জরুরী সেবা প্রদানের হট লাইন এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে নাগরিক সেবা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আবদুল্লাহ্ আল-মামুন, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ আবু তারেক, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের সাবেক অধ্যক্ষ এস. এম. ইসরাফিল হোসেনসহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তাবৃন্দ, রোভার স্কাউট ও সাংবাদিকবৃন্দ।

ঝিনাইদহে বিএনপির পদযাত্রা কর্মসূচী পালিত

প্রধানমন্ত্রী শেখ হাসিনার পদত্যাগসহ নির্দলীয় নিরপেক্ষ সরকারের দাবীতে ঝিনাইদহে বিএনপির পদযাত্রা কর্মসূচী পালিত হয়েছে।

বিএনপির কেন্দ্রীয় কর্মসূচীর আলোকে ঝিনাইদহ জেলা বিএনপি বুধবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাবের সামান থেকে এই পদযাত্রা শুরু করে। এতে ঝিনাইদহ সদর উপজেলা ছাড়াও ৬ উপজেলা থেকে আসা কয়েক হাজার নেতাকর্মী অংশ নেয়। পদযাত্রাটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে আরাপপুরে গিয়ে শেষ হয়।

পদযাত্রা শেষে সংক্ষিপ্ত সমাবেশে বিএনপির জাতীয় নির্বাহী কমিটি খুলনা বিভাগীয় সহ-সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুন্ডু, জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা এবং বিভিন্ন উপজেলা বিএনপির সভাপতি-সাধারণ সম্পাদকসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, বর্তমান আওয়ামী সরকারকে অবৈধ দাবী করে দ্রুত নির্দলীয় নিরপেক্ষ সরকারের কাছে ক্ষমতা হস্তান্তরের দাবী জানান।

চুয়াডাঙ্গায় দিনব্যাপী বৃক্ষরোপণ বিতরণ কর্মসূচি পালিত

চুয়াডাঙ্গা জেলার দ্বীনি ও সেবামূলক সংগঠন সম্মিলিত উলামা কল্যাণ পরিষদের উদ্যোগে দিনব্যাপী বৃক্ষরোপণ ও বিতরণ কর্মসূচি পালিত হয়েছে।

গতকাল শুক্রবার সকাল ৭টা থেকে দিনব্যাপী এ কর্মসূচী পালন করে সংগঠনটি। বিষয়টি গণমাধ্যমকে নিশ্চিত করেছেন পরিষদের মিডিয়া বিষয়ক সম্পাদক মাওলানা সাইফুল ইসলাম।

জানা গেছে, বৃক্ষরোপণ ও বিতরণ কর্মসূচির অংশ হিসেবে সংগঠনের পক্ষ থেকে চুয়াডাঙ্গার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান ও আবাসিক এলাকায় ফলদ ও বনজ গাছের চারা রোপণ ও বিতরণ করা হয়েছে। বৃক্ষরোপণ ও বিতরণ কর্মসূচির পূর্ব এক জমায়েতে সংগঠনটির সভাপতি মাওলানা হাসানুজ্জামান বলেন, তীব্র দাবদাহের কারণে চুয়াডাঙ্গা জেলাবাসী অতিষ্ঠ। বর্তমানে বর্ষার কারণে কিছুটা স্বস্তি মিললেও খড়ার সময় তা বিপরীত হয়ে যায়। যেহেতু গাছ রোপণের উপযুক্ত সময় বর্ষাকাল; সেহেতু আমরা এই সময়টা জেলাবাসীর কল্যানে ব্যয় করবো। আমরা আশা করছি, এই বৃক্ষ একদিন আমাদেরকে তীব্র তাপমাত্রা থেকে রক্ষা করার উসিলা হবে, ইনশাআল্লাহ। এসময় চুয়াডাঙ্গা জেলাবাসীকে বেশী বেশী বৃক্ষরোপণ করে পরিবেশ রক্ষা করার আহবান জানান মাওলানা হাসানুজ্জামান।
বিশ্ব উষ্ণতা মানুষের জন্য ব্যাপক অশান্তির কারণ হয়ে দাঁড়িয়েছে জানিয়ে সম্মিলিত উলামা কল্যাণ পরিষদের সাংগঠনিক সম্পাদক হাফেজ মাওলানা সারওয়ার হুসাইন বলেন, গাছপালা আল্লাহ তায়ালার এক বিশেষ নেয়ামত। আল্লাহ তায়ালা এর মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষা করেন। সুতরাং আমরা বেশি বেশি বৃক্ষরোপণ করবো; এর দ্বারা আবহাওয়া ঠান্ডা থাকবে।
বৃক্ষরোপণ ও বিতরণ কর্মসূচিতে আরও অংশগ্রহণ করেছেন হাফেজ মাওলানা জাকির হোসেন, মাওলানা আব্দুল্লাহ, মাওলানা জুনাইদ আল হাবিব, মাওলানা ফয়জুল্লাহ আল মুনির ও মাওলানা জামালুদ্দিন প্রমুখ।

মেহেরপুরে বিশ্ব রেডক্রিসেন্ট দিবস পালিত

বর্ণাঢ্য র্যালী আলোচনা সভাসহ নানা আয়োজনের মধ্য দিয়ে মেহেরপুর বিশ্ব রেডক্রস ও রেড ক্রিসেন্ট দিবস পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষে আজ সোমবার (৮ মে) সকালে জেলা পরিষদ চত্বরে জাতীয় পতাকা ও রেড ক্রিসেন্ট পতাকা উত্তোলন করা হয়। জাতীয় পতাকা উত্তোলন করেন জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট মহা: আব্দুস সালাম। পতাকা উত্তোলন শেষে একটি বর্ণাঢ্য র্যালী বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর জেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা রেড ক্রিসেন্টের চেয়ারম্যান অ্যাডভোকেট মহা: আব্দুস সালামের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন, সাধারণ সম্পাদক এডভোকেট একরামুল হক হীরা, জেলা রেড ক্রিসেন্ট এর কার্যনির্বাহী সদস্য মেহেরপুর জেলা পরিষদের সদস্য শামীম আরা হীরা, জেলা আওয়ামী লীগের সাবেক উপদেষ্টা আলহাজ্ব আসকার আলী, সদর উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আব্দুর রব বিশ্বাস, যুব রেড ক্রিসেন্ট এর প্রধান খন্দকার শামসুজ্জোহা সোহাগ প্রমুখ।

সঞ্চালনায় ছিলেন, মেহেরপুর জেলা রেড ক্রিসেন্টের লেভেল অফিসার মোক্তার হোসেন।

ঝিনাইদহে জাতীয় আইনগত সহায়তা দিবস পালিত

“বঙ্গবন্ধুর স্বপ্ন পূরণ, বিনামূল্যে আইনি সেবার দ্বার উন্মোচন এই প্রতিপাদ্যকে সামনে নিয়ে ঝিনাইদহে জাতীয় আইনগত সহায়তা দিবস-২০২৩ পালিত হয়েছে।

শুক্রবার সকালে জেলা লিগ্যাল এইড এর আয়োজনে এবং জাহেদী ফাউন্ডেশনের সহযোগীতায় ঝিনাইদহ জেলা জজ আদালতের সামনে বেলুন ও কবুতর উড়িয়ে দিবসের কর্মসূচী উদ্বোধন করেন জেলা লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান, সিনিয়র জেলা ও দায়রা জজ মোঃ নাজিমুদ্দৌলা।

উদ্বোধনের পর জেলা জজের নেতৃত্বেই একটি বর্ণাঢ্য র্যালি শহরের পায়রা চত্তর প্রদক্ষিণ করে জেলা আইনজীবী সমিতির কার্যারয়ের

সামনের সভামঞ্চে গিয়ে মিলিত হয়।

আলোচনা সভা শুরু হওয়ার আগে অতিথিরা লিগ্যাল এইড দিবস উপলক্ষে রক্তদান কর্মসূচীর উদ্বোধন করেন এবং আইনগত সহায়তা দেওয়ার বিভিন্ন স্টল ঘুরে দেখেন।

জেলা লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান, জেলা ও দায়রা মোঃ নাজিমুদ্দৌলার সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন নারী ও শিশু নির্যাতন ট্রাইবুনালের বিচারক মোঃ মিজানুর রহমান, চীফ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট মোঃ আলমিন মাতুব্বর, জেলা পুলিশ সুপার আশিকুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) রাজিবুল ইসলাম খান , সিভিল সার্জন সুভ্রা রানী দত্ত, ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল, জেলা আইনজীবী সমিতির সভাপতি রবিউল িইসলাম, জিপি বিকাশ কুমার ঘোষ, পিপি ইসমাইল হোসেন, সিও’র নিবার্হী পরিচালক সামছুল আলম প্রমূখ।

আলোচনা সভায় জেলা ও দায়রা জজ নাজিমুদ্দৌলা বলেন, সম্ভাব্য কম খরচে ও কম সময়ে বিচারিক সেবা প্রদান করা লিগ্যাল এইড এর কাজ। ২০০০ সালে লিগ্যাল এইড এর জন্ম হয়ে আজ তা পূর্নাজ্ঞ যৌবন প্রাপ্ত হয়েছে, সাধারণ বিচার প্রার্থীকে এখন আকর্ষণ করে। তিনি আরও বলেন মাননীয় প্রধানমন্ত্রীর নিদের্শষণায় কোন ব্যক্তি যেন অর্থের অভাবে বিচারের সুবিধা থেকে বঞ্চিত না হয় সেকারণে লিগ্যাল এইড সকল দরিদ্র ও দুঃখী বিচারপ্রার্থীদের পাশে থাকবে কোন অর্থের প্রয়োজন হবেনা। ঝিনাইদহ বর্তমানে লিগ্যাল এইড এর বিচারিক সহায়তায় দেশের তৃতীয় অবস্থানে আছে, একজন পূর্নাজ্ঞ বিচারক পেলে এর আরও উন্নয়ন হবে বলেও তিনি আশা প্রকাশ করেন।

সমাপনি বক্তব্য দেওয়ার আগে তিনি এবছরের লিগ্যাল এইডের শেষ্ট্র আইনজীবী এ্যাড.খান মোঃ আবুল বাসারকে পুরষ্কৃত করেণ ও ক্রেস্ট উপহার দেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট ওয়াজিদুর রহমান।

বর্নাঢ্য আয়োজনে মেহেরপুরে জাতীয় আইনগত সহায়তা দিবস পালিত

‘বঙ্গবন্ধুর সোনার বাংলায় শেখ হাসিনার অবদান, বিনামূল্যে লিগ্যাল এইডে আইনি সেবাদান’ এই প্রতিপাদ্য নিয়ে মেহেরপুরে জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গনে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার মধ্যে দিয়ে জাতীয় আইনগত সহায়তা দিবস ২০২৩ পালিত হয়েছে।

শুক্রবার (২৮ এপ্রিল) সকাল সাড়ে আটটার সময় শান্তির প্রতীক পায়রা ও বেলুন উড়ানো সহ এক বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়। পরে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুরের সিনিয়র জেলা ও দায়রা জজ এবং মেহেরপুর জেলা লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান মোঃ শহিদুল্লাহর সভাপতিত্বে এবং সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এস এম শরিয়ত উল্লাহ সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম, জেলা পরিষদের চেয়ারম্যান এ্যাড. আব্দুস সালাম, বিচারক নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল মোঃ তোহিদুল ইসলাম, চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ আবু বক্কর সিদ্দিক, মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, অতিরিক্ত পুলিশ সুপার সার্কেল আজমল হোসেন, পিপি পল্লব ভট্টাচার্য, উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক,জেলা আইনজীবী সমিতির সভাপতি কামরুল হাসান, সাধারণ সম্পাদক খ ম ইমতিয়াজ হারুন বিন জুয়েল, সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ অলোক কুমার দাস, এ্যাড. সাথী বোস, সরকারী কোশলী এ্যাড. গোলাম মোস্তফা সহ সেবা গ্রহিতা পারুল খাতুন ও উজ্জল হোসেন।

আলোচনা সভায় জেলা লিগ্যাল এইডের কার্যক্রম তুলে ধরে বক্তব্য রাখেন জেলা লিগ্যাল এইড অফিসার সেলিম রেজা। চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আবু বকর সিদ্দিক বলেন, ‘প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘোষিত স্মার্ট বাংলাদেশ

বিনির্মানে লিগাল এইড অনন্যা ভূমিকা রাখছে। বাংলাদেশের যে কোন মানুষ ১৬৪৩০ টোল ফ্রি নাম্বারে কল করে বা সরাসরি লিগাল এইড

অফিসে এসে আইন গত সহায়তা নিতে পারে। বাংলাদেশের প্রান্তিক ও গ্রামীণ জনপদের দরিদ্র ও হতদরিদ্র জনগন যাতে মামলা পরিচালনার ব্যায়ভার মেটাতে না পেরে ন্যায়বিচার থেকে বঞ্চিত না হয় সেই লক্ষে শেখ হাসিনা ২০০০ সালে জেলা পর্যায়ে লিগাল এইড বা আইনগত সহায়তা কেন্দ্র চালু করেন, পরবর্তীতে ২০১১ সালে আইন সংশোধন করে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে আইনগত সহায়তা কেন্দ্রের সেবা বিস্তৃত করা হয়। প্রাথমিক পর্যায়ে প্রচারণার অভাবে এ কার্যক্রম ততোটা গতি না পেলেও বর্তমানে অনেক মানুষ লিগাল এইড থেকে আইনি সহায়তা পেয়ে উপকৃত হচ্ছে। এতে আদালতে মামলার চাপও অনেকটা কমেছে।’

কোটচাঁদপুরে ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত

কোটচাঁদপুরে ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে সোমবার সকালে অফিসার্স ক্লাবে আলোচনা সভা করা হয়েছে।

সভায় সভাপতিত্ব করেন, কোটচাঁদপুর উপজেলার নির্বাহী অফিসার উছেন মে। এ ছাড়া উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন,কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক আব্দুর রশিদ,থানার পুলিশ পরিদর্শক (ওসি তদন্ত) জগন্নাথ ঋঋবৎস্যকর্মকর্তা সঞ্চয় কুমার, সমাজ সেবা কর্মকর্তা জহুরুল ইসলাম, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা চম্পা অধিকারি।

এ সময় বক্তারা ১৭ এপ্রিল মুজিবনগর দিবসের তাৎপর্য তুলে ধরেন।

গাংনীতে যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা দিবস পালিত

মেহেরপুরের গাংনীতে নানা আয়োজনের মধ্যদিয়ে যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা দিবস পালিত হয়েছে। দিবসের শুরুতে রবিবার দিবাগত রাত ১২টা ১ মিনিটে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসের কর্মসূচি শুরু হয়।

সকাল ৬টার দিকে গাংনী উপজেলা পরিষদ চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। গাংনী উপজেলা প্রশাসনের পক্ষ থেকে উপজেলা নির্বাহী অফিসার সাজিদা সিদ্দিকা সেতু পুষ্পস্তবক অর্পণ করেন।

এসময় সেখানে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাবির হোসেন সহ সরকারের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ।

এছাড়াও গাংনী উপজেলা আওয়ামী লীগের পক্ষে পুষ্প স্তবক অর্পণ করেন, মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও
উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

এসময় সেখানে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দ। এছাড়াও পুষ্পমাল্য অর্পণ করে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান ও সংগঠন।

সকাল ৮টার দিকে গাংনী হাইস্কুল ফুটবল মাঠে আয়োজিত অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। পতাকা উত্তোলন করেন উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার সাজিদা সিদ্দিকা সেতু, গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক। পতাকা উত্তোলনের সাথে সাথে জাতীয় সংগীত পরিবেশন করা হয়। এরপর অতিথিবৃন্দরা অভিবাদন গ্রহণ করেন।

পরে বাংলাদেশ পুলিশ, আনসার ভিডিপি ও বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা প্যারেড ও কুচকাওয়াজে অংশগ্রহণ করেন । সকাল ১১টার দিকে, উপজেলা পরিষদ চত্বরে বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা

অনুষ্ঠানের আয়োজন করে উপজেলা প্রশাসন ।
অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার সাজিদা সিদ্দিকা সেতু।

দামুড়হুদায় জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস পালিত

“স্মার্ট বাংলাদেশের প্রত্যয় দুর্যোগ প্রস্তুতি সবসময়” এ প্রতিপাদকে সামনে রেখে দামুড়হুদায় জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস ২০২৩ পালিত হয়েছে।

শুক্রবার সকাল ১০টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বাস্তবায়নে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে দিবসটি উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার অভিজিৎ কুমার, উপজেলা শিক্ষা অফিসার সাকী সালাম, সহকারী শিক্ষা অফিসার নাসির উদ্দিন, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, উপজেলা পাট অফিসার রিয়াজুল ইসলাম, প্রভাষক আবু জাফর, উপজেলা প্রশাসনিক কর্মকর্তা ফায়জুল ইসলাম, দামুড়হুদা ফায়ার সার্ভিস স্টেশন অফিসার নাসির উদ্দিনসহ ফায়ার সার্ভিসের সদস্য বৃন্দ, পিআইও অফিসের অ:স: জাকির হোসেন, কার্যসহকারী বিপ্লব হোসেন। অনুষ্ঠানটির সহযোগিতায় ছিলেন দিনার ও রফিকুল ইসলাম প্রমুখ।

দামুড়হুদায় আন্তর্জাতিক নারী দিবস পালিত

দামুড়হুদায় আন্তর্জাতিক নারী দিবস পালিত হয়েছে। বুধবার সকাল ১০টার দিকে দামুড়হুদা উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক আয়োজিত ৮ই মার্চ আন্তর্জাতিক নারী দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে শোভাযাত্রা ও উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন।

এসময় আরও উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা ওয়েভ ফাউন্ডেশনের সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেনসহ উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা বৃন্দ।